দৈনিক

2 FEB 2017

পৃঃ ২৪ ... ১

# মুরাদনগরে ২৫ হাজার শিক্ষার্থীর নকল না করার শপথ

■ মুরাদনগর (কুমিল্লা) সংবাদদাতা

আজ বৃহস্পতিবার থেকে শুরু হওয়া এসএসসি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষায় নকল না করার শপথ নিচ্ছেন শিক্ষার্থীরা। উপজেলার ৮৯টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রায় ৮ হাজার পরীক্ষার্থীসহ প্রায় ২৫ হাজার শিক্ষার্থী শপথ গ্রহণ করেছে।

গত মঙ্গলবার উপজেলার ১৯টি পরীক্ষা কেন্দ্রে নকল না করার শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। শপথ গ্রহণ অনুষ্ঠানের অংশ হিসেবে মঙ্গলবার দুপুরে উপজেলার কোম্পানীগঞ্জ বদিউল আলম উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক মো. হাফিজ উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ রাসেলুল কাদের।

বিদ্যালয়ের সিনিয়র সহকারী শিক্ষক হুমায়ন কবিরের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাইড়া স্কুল ও কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, যাত্রপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সফিকুল ইসলাম, কামারচর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফরিদ উদ্দিন আহম্মেদ, মুচাগড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. শাহ আলম, বিদ্যালয়ের সহকারী শিক্ষক মমতাজ উদ্দিন, খোরশেদ আলম প্রমুখ।